



সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের মাধ্যমে জনগণের আস্থা ফিরিয়ে আনতে চাই: সিইসি



সংগৃহীত ছবি

২৫ জুলাই শুক্রবার যশোর কালেক্টরেট মসজিদে জুমার নামাজের আগে মুসল্লিদের উদ্দেশে শুভেচ্ছা বক্তব্যে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দীন বলেন, জীবনের শেষ প্রান্তে এসে তার একমাত্র লক্ষ্য জাতিকে একটি সুষ্ঠু, অবাধ ও গ্রহণযোগ্য নির্বাচন উপহার দেওয়া। তিনি দেশবাসীর সহযোগিতা ও দোয়া কামনা করেন। জুমা শেষে সাম্প্রতিক দুর্ঘটনার নিহতদের স্মরণে শোক সভা ও দোয়ার আয়োজন করা হয়।

শুক্রবার যশোর কালেক্টরেট মসজিদে জুমার নামাজ আদায়ের সময় সংক্ষিপ্ত যাত্রাবিরতির সুযোগে প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দীন মুসল্লিদের উদ্দেশে শুভেচ্ছা বক্তব্য প্রদান করেন। তিনি বলেন,

“জীবনের শেষ প্রান্তে এসে আর কোনো ব্যক্তিগত লক্ষ্য বা স্বার্থ নয় বরং দেশের জন্য একটি ভালো কাজ করে যেতে চাই।”

তিনি জানান, এই মহান কাজ তার একার পক্ষে সম্ভব নয়, এজন্য তিনি দেশবাসীর সর্বাঙ্গিক সহযোগিতা এবং দোয়া কামনা করেন।

সাবেক সরকারি কর্মকর্তা হিসেবে নিজের দীর্ঘ কর্মজীবনের অভিজ্ঞতার কথা উল্লেখ করে তিনি বলেন, “আমার জীবনে অনেক দায়িত্ব পালন করেছি, কিন্তু বর্তমান সময়ের গুরুদায়িত্ব দেশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ।”

নামাজ শেষে সাম্প্রতিক ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল এন্ড কলেজে ঘটে যাওয়া বিমান দুর্ঘটনায় নিহত ও আহতদের স্মরণে উপস্থিত মুসল্লিদের সঙ্গে নিয়ে দোয়া অনুষ্ঠিত হয়।

এদিন যশোর জেলা প্রশাসক মো. আজাহারুল ইসলামসহ স্থানীয় প্রশাসনের উচ্চপদস্থ কর্মকর্তা ও সাধারণ মুসল্লিরাও মসজিদে উপস্থিত ছিলেন।